গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২১৩-আইন/২০২৪/৬৫/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ও দ্বিতীয় তফসিল এর ক্রমিক নং ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭নং আইন) এর ধারা ১৩৫, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।**— (১) এই বিধিমালা সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা বাংলাদেশে অবস্থিত সকল সরাসরি রপ্তানিমুখী ওভেন ও নিট পোশাক প্রস্তুতকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই বিধিমালায়,-

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **"ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি)"** অর্থ আইনের ধারা ১১৭ এর উপ-ধারা (১) ও ধারা ১১৮ এর অধীন ওয়্যারহাউস পদ্ধতির আওতায় শুল্কমুক্তভাবে আমদানিকৃত ও যথাযথ প্রক্রিয়ায় ইন্টু-বন্ডকৃত কাঁচামাল দ্বারা পণ্য উৎপাদনের লক্ষ্যে বন্ডদাতা কর্তৃক নির্ধারিত ফরমে দাখিলকৃত এবং কাস্টমস কর্তৃপক্ষের নিকট হইতে অনুমতিপ্রাপ্ত কোনো ব্যবসায় সংঘ কর্তৃক প্রত্যায়িত ঘোষণাপত্র, যাহাতে রপ্তানিকারক, আমদানিকারক, রপ্তানিতব্য পণ্য, রপ্তানি চুক্তি বা ঋণপত্র, রপ্তানিতব্য পণ্যের উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামালের বর্ণনা ও পরিমাণ, কনজাম্পশন, রপ্তানি চুক্তি বা ঋণপত্রের অধীন সকল ব্যাক টু ব্যাক ঋণপত্র (BBLC), জাহাজীকরণের তারিখ সম্পর্কিত বিস্তারিত বিবরণ থাকে;

(গ) **"কাঁচামাল"** অর্থ রপ্তানির লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য আমদানিকৃত কাঁচামাল ও মধ্যবর্তী পণ্য;

Downloaded from www.taxvatpoint.com

(ঘ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঙ) **"পণ্যের স্বত্বাধিকারী"** অর্থ কোনো শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা ব্যবস্থাপনাকারী কোনো ব্যক্তি, ব্যবসায় প্রতিষ্ঠান, ব্যক্তি সংঘ বা সমিতি;

(চ) **"বন্ডদাতা"** অর্থ আইনের ধারা ১০৯ এর অধীন বন্ডদাতা;

(ছ) **"লাইসেন্স"** অর্থ আইনের ধারা ১২ এর অধীন কোনো শিল্প প্রতিষ্ঠানকে প্রদত্ত ওয়্যারহাউস লাইসেন্স;

(জ) **"লিয়েন ব্যাংক"** অর্থ লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বাণিজ্যিক ব্যাংক যাহার মাধ্যমে বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠান তাহার সকল প্রকার আমদানি-রপ্তানি কার্যক্রম ও লেনদেন সম্পাদন করিবে;

(ঝ) **"শিল্প প্রতিষ্ঠান"** অর্থ সম্পূর্ণ রপ্তানিমুখী কোনো শিল্প প্রতিষ্ঠান, যাহা পণ্য প্রস্তুত ও রপ্তানির লক্ষ্যে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করে; এবং

(ঞ) **"সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান"** অর্থ এইরূপ কোনো শিল্প প্রতিষ্ঠান যাহা তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সকল পণ্য বিদেশে রপ্তানি করে।

৩। **লাইসেন্স গ্রহণ।**— সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানকে এই বিধিমালার অধীন প্রদত্ত সুবিধা ভোগ করিবার নিমিত্ত আইনের ধারা ১২ এবং ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর আওতায় ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে।

৪। **লিয়েন ব্যাংক।**— লাইসেন্সি তাহার সকল লেনদেন অনুমোদিত লিয়েন ব্যাংকের মাধ্যমে সম্পাদন করিবেন এবং লিয়েন ব্যাংক অনুমোদন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন, শাখা পরিবর্তনসহ সংশ্লিষ্ট বিষয়াদি ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধান এবং এতদ্‌বিষয়ে বোর্ড ও লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, জারীকৃত আদেশ অনুযায়ী ব্যবস্থিত হইবে।

৫। **ইউডি'র আবেদন ও নিষ্পত্তি।**— (১) ওয়্যারহাউস লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ইউডি'র প্রাপ্তির উদ্দেশ্যে তফসিল-১ এর ফরম অনুযায়ী একটি ঘোষণাপত্র বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স ও এক্সপোর্টার্স এসোসিয়েশন (BGMEA) অথবা বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স ও এক্সপোর্টার্স এসোসিয়েশন (BKMEA) এর অটোমেটেড ইউডি সিস্টেমে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:-

(ক) ক্রেতার ঋণপত্র (মাস্টার রপ্তানি ঋণপত্র), চুক্তিনামা ও ক্রয়াদেশের একটি করিয়া অনুলিপি;

(খ) প্রোফর্মা ইনভয়েস;

Downloaded from www.taxvatpoint.com

(গ) রপ্তানিতব্য পোশাকের স্কেচ; এবং

(ঘ) হালনাগাদ সাধারণ বন্ডের কপি।

(২) বন্ডদাতা কর্তৃক BGMEA অথবা BKMEA এর সিস্টেমে দাখিলকৃত ইউডি ফরম ও আনুষঙ্গিক দলিলাদি যাচাইয়ান্তে সঠিক পাওয়া গেলে BGMEA অথবা BKMEA উহা কমিশনার অব কাস্টমস (বন্ড) বা এতদুদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস বরাবর প্রেরণ করিবে এবং BGMEA ও BKMEA কর্তৃক তাহাদের নিজ নিজ ইউডি সিস্টেমে শিল্প প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী কমিশনারেটের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় এক্সেস নিশ্চিত করিবে।

(৩) আইনের ধারা ১১৮ এর উদ্দেশ্যপূরণকল্পে সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইউডি বহির্ভূত কোনো কাঁচামাল ওয়্যারহাউসে প্রবেশ, সংরক্ষণ, ওয়্যারহাউস হইতে দেশীয় ভোগ বা রপ্তানির জন্য খালাস অথবা অন্য কোনো ওয়্যারহাউসে অপসারণ অথবা আইনে ব্যবস্থিত অন্য কোনো প্রক্রিয়ার জন্য প্রেরণ করা যাইবে না।

(৪) যে মাস্টার রপ্তানি ঋণপত্র বা সেলস কনট্র্যাক্ট এর অধীন খোলা সকল ব্যাক-টু-ব্যাক এলসি উক্ত ইউডিতে অন্তর্ভুক্ত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, রপ্তানি পণ্য জাহাজীকরণের পরে এইরূপ কোনো ব্যাক টু ব্যাক ঋণপত্র (BBLC) ইউডিতে অন্তর্ভুক্ত করা যাইবে না।

(৪) সরাসরি রপ্তানিমুখী নিট কম্পোজিট প্রতিষ্ঠান কর্তৃক বন্ড সুবিধায় আমদানিকৃত অথবা স্থানীয় উৎস হইতে আইনানুগ প্রক্রিয়ায় সংগৃহীত কাঁচামাল ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) গ্রহণ ব্যতিরেকে সংশ্লিষ্ট ইউডির ভিত্তিতে ব্যবহার করা যাইবে।

৬। **ইউডি যাচাই বা সহায়ক কমিটি।**—(১) প্রত্যেক লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট দপ্তরে অ্যাডিশনাল কমিশনার বা জয়েন্ট কমিশনারের নেতৃত্বে সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা অ্যাসিস্টেন্ট কমিশনার, বন্ড অফিসার, বিজিএমইএ বা বিকেএমইএ এর সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি (বুটেক্স) বা বিষয় সংশ্লিষ্ট সমপর্যায়ের কোনো প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ প্রতিনিধি, কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ অধিদপ্তরের সেক্টর বিশেষজ্ঞ এবং বন্ডারের প্রতিনিধি সমন্বয়ে একটি করিয়া ইউডি যাচাই কমিটি থাকিবে।

(২) উপ-বিধি (২) এ বর্ণিত কমিটি কোনো ইউডিতে ঘোষিত কনজাম্পশন, অপচয় হার, ইত্যাদিসহ প্রদত্ত অন্যান্য বিবরণীর যথার্থতা ও যৌক্তিকতা যাচাই করিতে পারিবে এবং এই লক্ষ্যে ইউডি দাখিলকারী বন্ডার, বিজিএমইএ ও বিকেএমইএ এর ইউডি যাচাইকারী ও অনুমোদনকারীসহ সংশ্লিষ্ট যে কোনো ব্যক্তিকে বক্তব্য প্রদানের জন্যে এই কমিটি সংশ্লিষ্ট দপ্তরে আহবান করিতে পারিবে এবং উক্তরূপ আহবানে সাড়া প্রদান করিয়া বক্তব্য প্রদান করিতে উক্ত আহূত ব্যক্তি বাধ্য থাকিবেন।

Downloaded from www.taxvatpoint.com

(৩) কমিটি প্রয়োজনে, যে কোনো সময় সভায় মিলিত হইতে পারিবে, তবে প্রতি ছয় মাসে অন্যূন ১ (এক) বার সভা অনুষ্ঠিত হইতে হইবে।

(৪) কমিটি সুপারিশসহ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট কমিশনার বরাবর দাখিল করিবে এবং একটি অনুলিপি বোর্ডের সদস্য কাস্টমস (রপ্তানি ও বন্ড) বরাবর প্রেরণ করিবে।

৭। **আমদানি।-** (১) লাইসেন্স গ্রহণকালে এবং পরবর্তীতে, সময় সময়, লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে লাইসেন্সে সংযোজিত ও সংশ্লিষ্ট ইউডিতে অন্তর্ভুক্ত কাঁচামাল (এইচএস কোডসহ) ও আনুষঙ্গিক দ্রব্যাদি বন্ডেড ওয়্যারহাউস পদ্ধতির অধীন শুল্ককরমুক্তভাবে আমদানি করা যাইবে।

(২) যৌক্তিক প্রয়োজনে কমিশনার অব কাস্টমস বন্ড বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো কমিশনার অব কাস্টমস কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে বন্ড লাইসেন্স বহির্ভূত কাঁচামাল বন্ড সুবিধায় আমদানি করা যাইবে।

(৩) শিল্প প্রতিষ্ঠানসমূহ সাধারণভাবে ক্রেতা কর্তৃক নিশ্চয়কৃত বিক্রয় চুক্তি (সেলস কন্ট্র্যাক্ট) অথবা রপ্তানি মাস্টার ঋণপত্রের বিপরীতে খোলা ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে কাঁচামাল আমদানি করিতে পারিবে এবং বিক্রয় চুক্তি (সেলস কন্ট্র্যাক্ট) অথবা রপ্তানি মাস্টার ঋণপত্রের অধীন সম্পাদিত সকল ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের মোট মূল্য কোনো অবস্থাতেই বলবৎ আমদানি নীতি আদেশে নির্ধারিত সীমা অতিক্রম করিবে না।

(৪) শিল্প প্রতিষ্ঠানসমূহ মাস্টার ঋণপত্র বা ব্যাক-টু-ব্যাক ঋণপত্র ব্যতিরেকে বিনামূল্যে তথা Free of Cost (FOC) এর ভিত্তিতে সংশ্লিষ্ট মেয়াদের অব্যবহিত পূর্ববর্তী নিরীক্ষা মেয়াদের রপ্তানিকৃত পণ্যের এক-তৃতীয়াংশ পণ্য উৎপাদন করিতে যেই পরিমাণ কাঁচামাল প্রয়োজন, অনধিক সেই পরিমাণ কাঁচামাল প্রতিষ্ঠানের অনুমোদিত লিয়েন ব্যাংকের অনাপত্তি সাপেক্ষে আমদানি করিতে পারিবে এবং এইরূপে আমদানিকৃত কাঁচামালের ও তদ্দ্বারা উৎপাদিত পণ্যের হিসাব প্রতিষ্ঠানের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনে পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।

(৫) কোনো শিল্প প্রতিষ্ঠান যদি তাহার রপ্তানিপণ্য উৎপাদনে ব্যবহার্য্য প্রায় সকল কাঁচামাল (প্রয়োজনীয় মোট কাঁচামালের আশি শতাংশের উপরে) তাহার বৈদেশিক ক্রেতা অথবা ক্রেতার মনোনীত কোনো বৈদেশিক এজেন্টের নিকট হইতে বিনামূল্যে তথা Free of Cost (FOC) এর ভিত্তিতে পাইয়া থাকে এবং রপ্তানি মূল্য হিসাবে কেবল Cutting, Making and Trimming (CMT) চার্জ প্রাপ্ত হইয়া থাকে, তাহা হইলে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক অনধিক ছয় মাসের কাঁচামাল রিভলভিং পদ্ধতিতে আমদানি করিতে পারিবে, যথা:-

(ক) ক্রয়াদেশ ও অনুমোদিত লিয়েন ব্যাংকের বিগত মেয়াদের রপ্তানি পারফর্মেন্স সার্টিফিকেট এর উপর ভিত্তি করিয়া আগামী ছয় মাসের আমদানি প্রাপ্যতার জন্য শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আবেদনের প্রেক্ষিতে কমিশনার অব কাস্টমস বন্ড অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস প্রত্যাশিত প্রাপ্যতা অনুমোদন করিবেন

Downloaded from www.taxvatpoint.com

এবং অনুমোদনপত্রের একটি করিয়া কপি কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে প্রেরণ করিবেন;

(খ) আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত সমুদয় পণ্য রপ্তানিতে ব্যবহৃত হইয়ছে মর্মে প্রতিষ্ঠান কর্তৃক প্রয়োজনীয় দলিলাদি সংশ্লিষ্ট কমিশনারেটে দাখিল করিলে পরবর্তী ছয় মাসের প্রাপ্যতা প্রদান করা যাইবে;

(গ) এইরূপে সম্পাদিত রপ্তানি চালানের বিপরীতে প্রাপ্ত রপ্তানি মূল্যকেই প্রকৃত রপ্তানি মূল্য হিসাবে প্রদর্শন করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, যদি কোনো ক্ষেত্রে রপ্তানি ইনভয়েসে রপ্তানিমূল্য হিসাবে কাঁচামালের মূল্যসহ উৎপাদিত পণ্যের মূল্য প্রদর্শন করা হইয়া থাকে, তাহা হইলে পৃথকভাবে CMT মূল্য প্রদর্শণ করিতে হইবে;

(ঘ) নিরীক্ষা প্রতিবেদনে রপ্তানি মূল্য, প্রত্যাবসিত মূল্য ও অপ্রত্যাবসিত মূল্য সংক্রান্ত ছকে সিএমটি চার্জ পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।

৮। **আমদানি পণ্যের শুল্কায়ন।**— (১) প্রত্যেক কাস্টম হাউসে সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্যাদি দ্রুত ছাড়করণের লক্ষ্যে যথাসম্ভব পৃথক শুল্কায়ন গ্রুপ থাকিবে।

(২) এইরূপ পণ্যচালান শুল্কায়নের লক্ষ্যে হালনাগাদ সাধারণ বন্ডের কপি, এইচ এস কোডসহ কাঁচামালের নাম, বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তি আদেশের কপি, মাস্টার L.C. বা বিক্রয় চুক্তির কপি, ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের কপি, সংশ্লিষ্ট সংশোধনীসহ ইউডির কপি, আমদানি পারমিট (প্রযোজ্য ক্ষেত্রে) শুল্কায়নকারী কর্মকর্তা বাংলাদেশ ব্যাংকের অনলাইন আমদানি-রপ্তানি মনিটরিং সিস্টেম, সংশ্লিষ্ট কমিশনারেটের ওয়েবসাইট, ব্যবসায় সংগঠনের অনলাইন ইউডি সিস্টেম, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়া অঞ্চল কর্তৃপক্ষ ও অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অনলাইন সিস্টেমসহ অন্যান্য উৎস হইতে যাচাই করিয়া যথানিয়মে শুল্কায়ন করিতে হইবে।

(৩) শুল্করমুক্তভাবে ছাড়করণের লক্ষে উপযুক্ত কাস্টমস পদ্ধতির আওতায় যথোপযুক্ত কর্মকর্তা পর্যায়ে শুল্কায়ন অনুমোদিত হইলে শুল্কায়ন কর্মকর্তা কর্তৃক তফসিল-২ এ বর্ণিত ছক সংবলিত পাশ বইয়ে চালানের তথ্য পূরণ করিয়া কাস্টমস কম্পিউটার সিস্টেমে ছাড়করণ আদেশ জারি করিবেন।

(৪) কাস্টমস বন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে বা কাস্টমস কম্পিউটার সিস্টেমে ডিজিটাল পাশ বই চালু হইলে ম্যানুয়াল পাশ বই পদ্ধতির অবসান ঘটাইবার জন্য জাতীয় রাজস্ব বোর্ড আদেশ জারি করিতে পারিবে এবং উক্তরূপ আদেশ জারি না হওয়া পর্যন্ত ম্যানুয়াল পদ্ধতির পাশ বই পদ্ধতি বহাল থাকিবে।

Downloaded from www.taxvatpoint.com

৯। **ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণ।**— (১) আমদানি কাস্টমস হাউস বা কাস্টমস স্টেশন হইতে পণ্য ছাড়করণের উদ্দেশ্যে রিলিজ অর্ডার জারির তারিখ হইতে ৫ (পাঁচ) দিনের মধ্যে বন্ডারকে উক্ত পণ্য প্রতিষ্ঠানের ওয়্যারহাউসে প্রবেশ নিশ্চিত করিতে হইবে।

(২) ওয়্যারহাউসে রক্ষিত বন্ড রেজিস্টারে তফসিল-৩ অনুযায়ী তালিকাভুক্ত করিয়া পণ্য প্রবেশ করাইতে হইবে এবং ওয়্যারহাউস হইতে পণ্য বাহির করিবার সময় রেজিস্টার হইতে উহা বিয়োজন করিতে হইবে।

(৩) বন্ড অফিসার, সময় সময়, উক্ত রেজিস্টার যাচাই করিয়া যথাস্থানে অনুস্বাক্ষর করিবেন।

১০। **আমদানিকৃত ও ওয়্যারহাউসকৃত কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্য দ্বারা পণ্য প্রস্তুত ও রপ্তানি।**- ইউডি এর কনজাম্পশন অনুযায়ী কাঁচামাল ও এক্সেসরিজ ব্যবহার করিয়া রপ্তানির লক্ষ্যে পণ্য উৎপাদন পূর্বক উহা কারখানা প্রাঙ্গন হইতে সরাসরি বা কোনো মান নিয়ন্ত্রণ কেন্দ্র হইয়া রপ্তানি পণ্য জাহাজীকরণের লক্ষ্যে রপ্তানি কাস্টমস হাউস বা কাস্টমস স্টেশনে প্রেরণ করিতে হইবে।

১১। **রপ্তানি শুল্কায়ন ও রপ্তানি মেনিফেস্ট।**— (১) আইনের ধারা ১৪৬ এর বিধানকে ক্ষুন্ন না করিয়া, রপ্তানির নিমিত্ত পণ্য রপ্তানি কাস্টমস হাউসে বা কাস্টমস স্টেশনে আনয়ন করিবার পর উহার বিপরীতে রপ্তানি ঘোষণাপত্র (বিল অব এক্সপোর্ট বা শিপিং বিল) কাস্টমস কম্পিউটার সিস্টেমে দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী যথাযথ কর্মকর্তার নিকট পণ্য চালান সংশ্লিষ্ট ইউডি, মাস্টার রপ্তানি ঋণপত্র বা বিক্রয় চুক্তির কপিসহ রপ্তানি দলিলাদি দাখিল করিতে হইবে।

(৩) যথাযথ কর্মকর্তা দাখিলকৃত দলিলাদির যথার্থতা নিশ্চিত হইয়া রপ্তানি পণ্য চালানের শুল্কায়ন সম্পন্ন করিবেন।

(৪) যথাযথ কর্মকর্তার অনুমোদনক্রমে রপ্তানি পণ্য চালান জাহাজীকরণের পূর্বে কায়িক পরীক্ষা করা যাইবে এবং কায়িক পরীক্ষায় ঘোষণার সহিত অসঙ্গতিপূর্ণ কোনো তথ্য উদঘাটিত হইলে আইনানুগ পদ্ধতিতে নিষ্পত্তি করিতে হইবে।

(৫) রপ্তানি চালান জাহাজীকরণের পর বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে একটি রপ্তানি মেনিফেস্ট কাস্টমস কম্পিউটার সিস্টেমে প্রস্তুত হইবে।

(৬) পণ্যচালান জাহাজীকরণের অনধিক ১২০ (একশত বিশ) দিবসের মধ্যে অথবা ক্ষেত্রবিশেষে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে সমস্ত রপ্তানিমূল্য বাংলাদেশে প্রত্যাবসিত হইবে এবং ইহার সপক্ষে প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক Proceed Realization Certificate (PRC) জারি করিবে।

(৭) নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে রপ্তানিমূল্য দেশে প্রত্যাবসিত না হইলে, কমিশনার অব কাস্টমস বন্ড অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো কমিশনার অব

Downloaded from www.taxvatpoint.com

কাস্টমস রপ্তানিমূল্যের সমপরিমাণ বাংলাদেশি মুদ্রা রপ্তানিকারকের নিকট দাবি করিবেন এবং এইরূপ দাবীকৃত অর্থ প্রতিষ্ঠান সুদসহ পরিশোধ করিবেন।

(৮) শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নিরীক্ষার লক্ষ্যে প্রস্তুতকৃত আমদানি-রপ্তানি বিবরণীতে বিল অব এক্সপোর্ট নম্বরের সহিত রপ্তানি মেনিফেস্ট নম্বর উল্লেখ করিতে হইবে।

১২। **বার্ষিক নিরীক্ষা।**— (১) শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্তির তারিখ হইতে ১ (এক) বৎসর অতিক্রান্ত হইলে, উক্ত অতিক্রান্ত বৎসরের আমদানি-রপ্তানি বিবরণী তফসিল-৪ মোতাবেক ও যাবতীয় কার্যক্রমের বিবরণীসহ সহায়ক নিম্নলিখিত দলিলাদি, যথা: সকল প্রকার লাইসেন্স ও পারমিটের হালনাগাদ নবায়িত কপি, বিদ্যুৎ ও গ্যাসসহ জ্বালানি বিলের কপি, যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দায় দেনা বহনের অঙ্গীকারনামা, বিদ্যমান মেশিনের তালিকা, এইচএস কোডসহ অনুমোদিত ও আমদানিকৃত কাঁচামালের তালিকা, কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ও তাহাদের মাসিক বেতন বিবরণী, নিজস্ব জায়গায় স্থাপিত কারখানার মালিকানা দলিল ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রমাণক, ভাড়া জায়গার ক্ষেত্রে হালনাগাদ নবায়িত ভাড়ার চুক্তির কপি নিরীক্ষা মেয়াদ অতিক্রান্ত হইবার তারিখ হইতে ৬০ (ষাট) দিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেটে দাখিল করিতে হইবে।

(২) দলিলাদি প্রাপ্তির পর ৯০ (নব্বই) দিবসের মধ্যে অথবা লাইসেন্সিং বিধিমালায় উল্লিখিত সময়সীমার মধ্যে নিরীক্ষা সম্পাদন করিতে হইবে।

(৩) নিরীক্ষা প্রতিবেদনে পূর্ববর্তী মেয়াদের অব্যবহৃত কাঁচামালের বিবরণ, প্রাপ্ত রপ্তানি আদেশের সংখ্যা, গৃহীত ইউডির সংখ্যা ও রপ্তানি সম্পন্নকৃত ইউডির সংখ্যা, নিরীক্ষা মেয়াদের আমদানি-রপ্তানি বিবরণী তফসিল-৫ মোতাবেক, মেয়াদান্তে অবশিষ্ট কাঁচামাল, বিদ্যুৎ বিল, রপ্তানি মূল্য, প্রত্যাবসিত ও অপ্রত্যাবসিত মূল্য, ইউডি ভিত্তিক কনজাম্পশন ও অপচয় ইত্যাদি মৌলিক তথ্যাদি উপস্থাপন করিতে হইবে।

(৪) যথাসময়ে নিরীক্ষার দলিলাদি দাখিলে ব্যর্থ হইলে আইন ও লাইসেন্সিং বিধিমালা অনুযায়ী আইনানুগ কার্যক্রম গৃহীত হইবে।

১৩। **সাব-কন্ট্র্যাক্ট।**— (১) কাঁচামালের বন্ডিং মেয়াদ থাকা সাপেক্ষে রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক অঞ্চল এবং স্থানীয় ট্যারিফ এলাকার যে কোনো স্থানে অবস্থিত দুইটি বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক চুক্তির ভিত্তিতে (সাব-কন্ট্রাক্ট) নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে কাঁচামালের আন্তঃবন্ড স্থানান্তর অনুমোদন করা যাইবে, যথা:-

(ক) আমদানিকৃত উপকরণের মূল স্বত্বাধিকারী এবং চুক্তিভিত্তিক উৎপাদনকারীর মধ্যে সম্পাদিত চুক্তি দেশে বলবৎ The Contract Act, 1872 (Act No. IX OF 1872) এর বিধি বিধান অনুসরণপূর্বক সম্পন্ন করিতে হইবে;

Downloaded from www.taxvatpoint.com

(খ) চুক্তিভিত্তিক পণ্য উৎপাদনের জন্য চুক্তি সম্পাদনকারী উভয় উৎপাদকের হালনাগাদ নবায়িত ওয়্যারহাউস লাইসেন্স থাকিতে হইবে;

(গ) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত তৈরি পোশাক শিল্পে সাব-কন্ট্রাক্টিং গাইড লাইন, ২০১৯ এর অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সকল বিধানাবলি অনুসরণপূর্বক চুক্তিভুক্ত উৎপাদককে সরকার কর্তৃক স্বীকৃত সংগঠনের সদস্য হইতে হইবে এবং সদস্যপদ হালনাগাদ নবায়িত থাকিতে হইবে;

(ঘ) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে অনুমতিপত্র গ্রহণ করিতে হইবে;

(ঙ) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলের ক্ষেত্রে কমিশনার কর্তৃক নির্ধারিত কর্মকর্তা প্রযোজ্য অন্যান্য বিধি বিধানের আলোকে সাব-কন্ট্রাক্ট অনুমোদন প্রদান করিবেন;

(চ) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলের বাহিরে অন্যান্য বন্ডেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে চুক্তিপত্রের কপি সংশ্লিষ্ট সংগঠন বরাবর প্রেরণ করিতে হইবে এবং উক্তরূপ চুক্তিপত্রের ভিত্তিতে সংগঠন একটি অনুমতিপত্র ইস্যু করিবেন, যাহার একটি কপি সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট, অথবা ক্ষেত্রমত মূসক কমিশনারেটের কমিশনার বরাবর ইস্যুর তারিখ হতে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে প্রেরণ করিতে হইবে;

(ছ) চুক্তি সম্পাদনকারী উৎপাদকগণ ভিন্ন ভিন্ন কমিশনারেটের অধিক্ষেত্রে অবস্থিত হইলে চুক্তি প্রদানকারী উৎপাদককে তাহার ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনারের নিকট হইতে পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে এবং এইক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার স্বীয় বিবেচনা মোতাবেক কাটিং তদারকি অথবা Escorting -এর মাধ্যমে কাঁচামাল স্থানান্তরের শর্ত আরোপ করিতে পারিবেন;

(জ) চুক্তিভিত্তিক পণ্য উৎপাদনের অনুমতিপত্রে পণ্য ফেরতের সুনির্দিষ্ট তারিখ অবশ্যই উল্লেখ করিতে হইবে;

(ঝ) পণ্যের অবৈধ অপসারণজনিত কারণে কোনো মামলা বা দাবীনামা অনিষ্পন্ন থাকিলে চুক্তিভিত্তিক উৎপাদনের অনুমতির জন্য সংশ্লিষ্ট কমিশনারের নিকট আবেদন করিতে হইবে;

(ঞ) কমিশনার স্থানান্তরযোগ্য পণ্য চালানের উপর আরোপনীয় শুল্ক ও করের সমপরিমাণ নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ করিয়া স্থানান্তরের অনুমতি প্রদান করিবেন এবং স্থানান্তরিত পণ্য প্রক্রিয়াকরণপূর্বক মূল উৎপাদকের কারখানায় ফেরত আসিবার পর

Downloaded from www.taxvatpoint.com

সংশ্লিষ্ট কমিশনার ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণের আদেশ প্রদান করিবেন;

(ট) সংশ্লিষ্ট কমিশনারেট এবং রপ্তানিকারকগণের সংগঠন চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী উৎপাদকের নাম, Business Identification Number (BIN), স্থানান্তরযোগ্য পণ্যের সহিত সংশ্লিষ্ট মাস্টার ঋণপত্র/ ব্যাক টু ব্যাক ঋণপত্র/ সেলস কন্ট্রাক্ট নম্বর, জাহাজীকরণের সর্বশেষ তারিখ, বিল অব এন্ট্রি নং ও তারিখ, পণ্যের নাম ও পরিমাণ এবং পণ্য ফেরতের সর্বশেষ তারিখ উল্লেখপূর্বক স্থায়ীভাবে তথ্য সংরক্ষণ করিবেন;

(ঠ) চুক্তি সম্পাদনকারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক নিরীক্ষার সময় চুক্তিসমূহে উল্লিখিত সময়ের মধ্যে তাহা যথাযথভাবে সম্পাদন করা হইয়াছে কি-না এবং চুক্তিসমূহের বিপরীতে বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের Guidelines for Foreign Exchange Transactions, 2018(Vol-1) এর বিধানাবলি অনুসরণ করা হইয়াছে কি-না তাহা সংশ্লিষ্ট কাস্টমস অফিসার পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করিয়া দেখিবেন;

(ড) সাব-কন্ট্র্যাক্ট মূল্য স্থানীয় ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য হইবে, তবে স্থানীয় মুদ্রায় সাব-কন্ট্র্যাক্ট সম্পাদিত হইলে বোর্ডের এতদসংক্রান্ত নির্দেশনা অনুসরণ করিয়া সংশ্লিষ্ট মূসক কমিশনারেটের নিকট হইতে মূসক অব্যাহতির অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(ঢ) প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স ও Business Identification Number (BIN) স্থগিত থাকাকালে সাব-কন্ট্রাক্টের অনুমতি প্রদান করা যাইবে না;

(২) এই বিধির কোনো ব্যত্যয় হইলে চুক্তি প্রদানকারী রপ্তানিকারকের ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনারেট চুক্তির অনুমতিপত্র বাতিল করিয়া কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ২৩ নং আইন), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৪। **কাঁচামালের স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর।-** কাঁচামালের বন্ডিং মেয়াদ থাকা সাপেক্ষে রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক অঞ্চল এবং স্থানীয় ট্যারিফ এলাকার যে কোনো স্থানে অবস্থিত দুইটি ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক চুক্তির ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে কাঁচামালের স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর অনুমোদন করা যাইবে, যথা;-

Downloaded from www.taxvatpoint.com

(ক) উভয় প্রতিষ্ঠানের মধ্যে যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে সম্পাদিত চুক্তিপত্র থাকিতে হইবে;

(খ) কাঁচামাল প্রদানকারী প্রতিষ্ঠানের স্থানান্তরতব্য কাঁচামাল সংশ্লিষ্ট আমদানি দলিলাদি, তথা, ব্যাক টু ব্যাক ঋণপত্র, ইনভয়েস, বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিপ্ট বা রেলওয়ে রিসিপ্ট, বিল অব এন্ট্রি, ইউডির কপি ইত্যাদির কপি দাখিল করিতে হইবে;

(গ) কাঁচামাল গ্রহণকারী প্রতিষ্ঠানের রপ্তানি ঋণপত্র (মাস্টার এলসি) বা বিক্রয় চুক্তি (সেলস কনট্র্যাক্ট), ব্যাক টু ব্যাক ঋণপত্র, প্রোফর্মা ইনভয়েস, ইউডি, ক্রয়াদেশের কপি (P.O. Sheet) ইত্যাদির কপি দাখিল করিতে হইবে;

(ঘ) উভয় প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র, স্থানান্তরতব্য কাঁচামালের নমুনা, বিজিএমইএ বা বিকেএমইএ এর সুপারিশপত্র এবং স্থানান্তরকালে পণ্যের কোনোরূপ ক্ষয়ক্ষতি হইলে তাহার দায়-দায়িত্ব আন্তঃবন্ড গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক বহনের ঝুঁকি বন্ড দাখিল করিতে হইবে;

(ঙ) যে কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের মাধ্যমে কাঁচামাল আমদানি করা হইয়াছে, সেই কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে বা নিকটতম কাস্টম হাউসে রক্ষিত আন্তঃবন্ড স্থানান্তরকারী উভয় প্রতিষ্ঠানের পাশ বইয়ে অথবা সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেটে বা ক্ষেত্রমত কমিশনারেটে রক্ষিত পাশ বইতে স্থানান্তরের তথ্য লিপিবদ্ধ থাকিতে হইবে;

(চ) স্থানান্তরতব্য পণ্য রপ্তানির সপক্ষে Proceed Realisation Certificate (PRC), সংশ্লিষ্ট রপ্তানিকারক কর্তৃক রপ্তানির পরবর্তী তিন মাসের মধ্যে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটে বা ক্ষেত্রমত কমিশনারেটে দাখিল করিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com

১৫। **রপ্তানির জন্য উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয়।**— (১) কোনো শিল্প প্রতিষ্ঠান তৎকর্তৃক উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয় করিতে চাহিলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বন্ড অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো কমিশনার অব কাস্টমস এর নিকট আবেদন করিবেন।

(২) কমিশনার উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনা করিয়া নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আবেদন পত্রে উল্লিখিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয়ের অনুমতি প্রদান করিতে পারিবেন, যথা: -

(ক) এইরূপ পণ্যের পরিমাণ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পূর্ববর্তী নিরীক্ষা মেয়াদে রপ্তানিকৃত একই পণ্যের ২০ (বিশ) শতাংশের অতিরিক্ত হইবে না;

Downloaded from www.taxvatpoint.com

(খ) স্থানীয় বাজারে বিক্রয়যোগ্য পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল ওয়্যারহাউস হইতে শুল্ককর পরিশোধপূর্বক বাহির করিতে হইবে;

(গ) উৎপাদিত স্থানীয় বাজারে বিক্রয়যোগ্য পণ্যের ওপর প্রদেয় সমুদয় মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, কর, ফি ইত্যাদি উক্ত পণ্য ওয়্যারহাউস হইতে খালাসের পূর্বে সম্পূর্ণরূপে পরিশোধ করিতে হইবে;

(ঘ) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিকৃত একই পণ্যের সর্বশেষ সিআইএফ (CIF) মূল্য শুল্কায়নের জন্য মূল্য হিসাবে গৃহীত হইবে;

(ঙ) স্থানীয় বাজারে বিক্রয়কৃত পণ্যের এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের বিবরণ নির্ধারিত ফরমে যথাযথভাবে লিপিবদ্ধ করিতে হইবে;

(চ) আইন অনুযায়ী ওয়্যারহাউসে যে সকল রেজিস্টার ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করা হয়, উহাতেও অনুরূপ বিক্রয়ের বিবরণ লিপিবদ্ধ করিতে হইবে;

(ছ) রপ্তানি ও স্থানীয় বাজারে বিক্রয়ের ক্ষেত্রে পৃথক রেজিস্টার থাকিতে হইবে;

(জ) স্থানীয় পর্যায়ে উৎপাদিত পণ্য বিক্রয়ের ক্ষেত্রে মূল্য সংযোজন কর সংক্রান্ত অন্যান্য সকল বিধি-বিধান পরিপালন করিতে হইবে;

(ঝ) স্থানীয় বাজারে পণ্য বিক্রয় সংক্রান্ত তথ্য, আমদানি ও রপ্তানি তথ্য সংশ্লিষ্ট কমিশনারেট কর্তৃক নিরীক্ষাপূর্বক নিরীক্ষা প্রতিবেদন প্রতি বছর জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিতে হইবে;

(ঞ) এই বিধির কোনো বিধান লঙ্ঘিত হইলে কমিশনার তদন্তপূর্বক স্থানীয় বাজারে বিক্রয়ের অনুমতি বাতিল করিতে পারিবেন।

১৬। **শুল্কমুক্ত ডামি আমদানি।**— শতভাগ রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে এইচ এস হেডিং ৯৬.১৮ ভুক্ত টেইলার্স ডামি (মেল ও ফিমেল বডি) শুল্কমুক্তভাবে ওয়্যারহাউসিং সুবিধায় আমদানি করিতে পারিবে:

(ক) বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এবং বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ) এর সদস্য প্রতিষ্ঠান প্রথমবার সর্বোচ্চ ৪ (চার) পিস ডামি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাশবইয়ে এন্ট্রিপূর্বক শুল্কমুক্তভাবে খালাস করিতে পারিবে এবং পরবর্তীতে প্রত্যেক বৎসর সর্বোচ্চ ৩ (তিন) পিস ডামি সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশের ভিত্তিতে শুল্কমুক্তভাবে খালাস করিতে পারিবে;

Downloaded from www.taxvatpoint.com

(খ) কাস্টমস কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে এই পণ্য বিক্রয় বা হস্তান্তর করা হইবে না মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক একটি অঙ্গীকারনামা আমদানি কাস্টম হাউস বা কাস্টম স্টেশনে দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, বিক্রয় অথবা হস্তান্তরের ক্ষেত্রে প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধযোগ্য হইবে এবং এই সুযোগের অপব্যবহার করা হইলে আইনের বিধান অনুযায়ী শাস্তিযোগ্য হইবে; এবং

(গ) আমদানিকারক প্রতিষ্ঠান শুল্কায়নকালে সংশ্লিষ্ট এসোসিয়েশন হইতে এই মর্মে একটি প্রত্যয়নপত্র পেশ করিবে যে, প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত ডামি তাহার প্রাপ্যতা সীমার মধ্যে রহিয়াছে এবং তাহা অন্য কোনো কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের মাধ্যমে আমদানি করা হয় নাই।

১৭। **রপ্তানির পর ফেরৎকৃত পণ্যচালান খালাস ও পুনঃরপ্তানিকরণ।**— সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিকৃত পণ্য ত্রুটিযুক্ত হওয়া অথবা অন্য কোনো কারণে ফেরৎ আসিলে তাহা পুনঃরপ্তানির লক্ষ্যে আইনের ধারা ২৬ অনুযায়ী কমিশনার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে শুল্কমুক্তভাবে খালাস প্রদান করা যাইবে।

১৮। **অনুমোদিত অপচয়।**— (১) সুতা হইতে পোশাক তৈরি পর্যন্ত প্রযোজ্য প্রত্যেক ধাপে অনুমোদিত অপচয়ের হার ইউডিতে উল্লেখ থাকিতে হইবে।

(২) বোর্ড সুতা হইতে কাপড় এবং কাপড় হইতে পোশাক উৎপাদনের প্রত্যেক ধাপে অনুমোদিত অপচয়ের হার অনুসরণের লক্ষ্যে উপযুক্ত শর্ত ও সীমা নির্ধারণ করিয়া প্রয়োজনীয় আদেশ জারি করিতে পারিবে।

১৯। **বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় তৈরি পোশাকের মান নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন।**— (১) ক্রেতা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী পোশাকের মান সম্পর্কিত প্রত্যয়ন অথবা অনুরূপ কার্যক্রমের লক্ষ্যে উপযুক্ত প্রতিষ্ঠানের আবেদনক্রমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বন্ডের আওতায় তৈরি পোশাকের মান নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপনের অনুমতি প্রদান করা যাইবে।

(২) বোর্ড উপযুক্ত শর্ত ও সীমা আরোপপূর্বক এরূপ কেন্দ্র স্থাপন ও পরিচালনার পদ্ধতি নির্ধারণ করিয়া আদেশ জারি করিতে পারিবে।

২০। **বন্ডেড ওয়্যারহাউসে রক্ষিত ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত কাঁচামালের শুল্ক-কর মওকুফ।**— (১) আইনের ধারা ১০৯ এর অধীন বন্ডেড ওয়্যারহাউসে রক্ষিত কোনো পণ্য অথবা কাঁচামাল কোনো দূর্ঘটনা, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগ বা যুক্তিসঙ্গত কারণবশতঃ ক্ষতিগ্রস্ত অথবা ধ্বংসপ্রাপ্ত হইলে ধারা ১২৯ এর উদ্দেশ্য পূরণকল্পে ঘটনা সংঘটন পরবর্তী দুই কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট বন্ডার কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো কমিশনার অব কাস্টমস এর নিকট তফসিল-৫ অনুযায়ী একটি ঘোষণাপত্র দাখিল করিবেন।

Downloaded from www.taxvatpoint.com

(২) ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত পণ্যের পরিমাণ নিরূপণ না হওয়া পর্যন্ত ওয়্যারহাউস হইতে কোনো পণ্য অথবা কাঁচামাল অপসারণ কিংবা ওয়্যারহাউসে কোনো পণ্য প্রবেশ করানো যাইবে না।

(৩) সংশ্লিষ্ট বন্ডারের নিকট হইতে তফসিল-৫ অনুযায়ী ঘোষণাপত্র পাওয়ার পর কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো কমিশনার অব কাস্টমস উপ-বিধি (৪) এ বর্ণিত কমিটির নিকট ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের প্রকৃত পরিমাণ ও তাহার উপর প্রযোজ্য শুল্ক-করাদি নির্ধারণপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য দাখিলকৃত ঘোষণাপত্র ও প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি প্রেরণ করিবেন।

(৪) ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের পরিমাণ এবং প্রযোজ্য শুল্ক-কর নিরূপণের জন্য কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো কমিশনার অব কাস্টমস নিম্নরূপে কমিটি গঠন করিবেন, যথা:-

(ক) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা- দলনেতা;

(খ) সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা- সদস্য;

(গ) সংশ্লিষ্ট বন্ড অফিসার- সদস্য;

(ঘ) সংশ্লিষ্ট এসোসিয়েশনের একজন প্রতিনিধি- সদস্য;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে বিশেষজ্ঞ প্রতিনিধি- সদস্য।

(৫) নির্ধারিত ফর্মে ঘোষণাপত্র ও আনুষঙ্গিক দলিলাদি পাওয়ার পর উপ-বিধি (৪) এ বর্ণিত কমিটি দূর্ঘটনার বিষয়টি সরেজমিন তদন্ত করিয়া ধ্বংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের প্রকৃত পরিমাণ এবং তাহার উপর প্রযোজ্য শুল্ক-করাদির পরিমাণ নির্ধারণ করিয়া ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে অথবা কমিশনার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে একটি চূড়ান্ত প্রতিবেদন দাখিল করিবে:

তবে শর্ত থাকে যে, প্রতিবেদনে পণ্য অথবা কাঁচামাল ক্ষতিগ্রস্ত হইবার কারণ, বিশেষজ্ঞ মতামত (প্রযোজ্য ক্ষেত্রে), ফায়ার সার্ভিস বিভাগের মতামত এবং বিমাকারী কর্তৃপক্ষের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সন্নিবেশিত থাকিতে হইবে।

(৬) প্রতিবেদন পাওয়ার পর কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা ক্ষমতাপ্রাপ্ত অপর কোনো কমিশনার অব কাস্টমস প্রতিবেদনের সুপারিশ ও বিমাকারী কর্তৃপক্ষের Claim Settlement/Final Payment প্রদানের ভিত্তিতে শুল্ক-করাদি মওকুফের আদেশ জারি করিবেন।

২১। **বন্ড অটোমেশন সিস্টেমে কার্যক্রম পরিচালনা।**— এই বিধিমালায় বর্ণিত সকল কিংবা নির্দিষ্টকৃত কোনো কার্যক্রম কাস্টমস বন্ড অটোমেশন সিস্টেমে সম্পাদন করা যাইবে।

২২। **রহিতকরণ ও হেফাজত।- (১)** এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে জাতীয় রাজস্ব বোর্ডের ৩ আগস্ট, ১৯৯৩ খ্রি: তারিখের প্রজ্ঞাপন এসআরও নং -১৫৩-আইন/৯৩/১৫২০/শুল্ক দ্বারা জারিকৃত সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানি)

Downloaded from www.taxvatpoint.com

বিধিমালা, ১৯৯৩; ৩ মে, ২০১৭ খ্রি: তারিখের প্রজ্ঞাপন এসআরও নং- ১০১-আইন/২০১৭/১১/কাস্টমস; ১৬ জুন, ১৯৯৬ খ্রি: তারিখের প্রজ্ঞাপন এসআরও নং-৯৯-আইন/৯৬/১৬৬২/শুল্ক এর মাধ্যমে জারীকৃত সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান (স্থানীয় বাজারে বিক্রয়) বিধিমালা, ১৯৯৬ সহ সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের ওয়্যারহাউস ব্যবস্থাপনা সংক্রান্ত বিদ্যমান সকল প্রজ্ঞাপন, বিধিমালা, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদি এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত প্রজ্ঞাপন, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদির অধীন-

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত বা সূচিত কোনো কার্যধারা বা মামলা অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা যতদূর সম্ভব রহিত প্রজ্ঞাপন, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদির অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা প্রণীত হয় নাই।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

“তফসিল ১”

ফরম-‘ক’

[বিধি ৫ দ্রষ্টব্য]

সরাসরি রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) ফরম

UD Tracking Number	
01. Name	
02. Address	

03. Application No (For office use only)		Date	
04. UD No (For office use only)		Date	

05. UD Version	

06. Name of factory Unit			
07. Factory address			
08. Phone no.			
09. Head office address			
10. Phone no.			
11. Bond License		Date	
12. VAT reg. no.		Date	
13. Membership no.		Year	

Lien Bank Information:

14. Bank Code	15. Bank Name	16. Address	17. Phone no.	18. Fax no.

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Buyer's Information:

19. Buyer Name	20. Address	21. Country	22. Phone	23. Fax	24. Email

Contract No./ Export LC No.:

Sl. No	25. Export L/C/Contract No. (as per Bangladesh Bank Format)	26. Date	27. Value	Used Value	28. Currency	Tolerance (%)	29. Shipment Date	30. Expiry Date

Grand Total

31. Back to Back L/C (B2B)

Sl. No	32. Import L/C No.	33. Date	34. Value	Used Value	35. Currency	Tolerance%
Local						
1						

Grand Total:

Notify Party Information

Sl. No	36. Notify Party Name	37. Address	38. Country	39. Fax No	40. Email
1					

Port Information

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Sl. No	41. Port Name	Country Name	42. Ultimate Destination
1			

43. Description of Readymade Garments

Sl. No	Style No	HS Code	Description of Garments	Quantity	Used Qty.	Unit
1						
			Total :			
			Grand Total:			

44. Garments Size Chart ratio:

45. Description of importable Raw materials (fabrics & yarn) as approved by Utilization Permission Committe Vide Letter

a) Fabric/Yarn

Style No	Garments Description	Garments Qty	H.S. Code	Description of Fabric	Construction & Trade Name	Qty. of Fabric	Con. Per Unit

b) Imported Accessories

Sl No	H.S. Code	Commercial Description	Supplier's Name	Address	Country	Qty	Unit Name

Remarks:

46. Description of Local Raw Materials (Fabrics & Accessories)

a) Fabric/Yarn

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

BB LC No,	BB LC Value	Style No	Garments Description	Garments Qty	H.S. Code	Description of Fabric	Construction & Trade Name	Qty. of Fabric	Con. Per Unit

b) Accessories

BB LC No	BB LC Value	Sl No	H.S. Code	Commercial Description	Supplier's Name	Address	Country	Qty	Unit Name

Remarks:

47. Description of Raw Materials from other UD Fabrics/Yarn/Accessories:

UD No	Date	H.S. Code	Description	Qty	Unit	Value

48. Total Fabrics/Yarn

BB LC No.	BB LC Value	Fabric Description	Qty	Unit	Net Weight	Unit	Country	Supplierinfo
		Total =						

Note: Total Fabric/Yarn:
Total Net Weight:

49: Shipment Information:

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

50. The above declaration information furnished is correct. Necessary bond has been executed and sample of garments signed by the designated representative of UD issuing authority will be submitted to CustomsPort at the time of export. Half-yearly statement of import & export as per proforma duly authenticated by lien Bank will be submitted to Bond Commissionerate

Signature of Bonder/Authorized
Person with name & seal

(1) This UD has been issued/submitted in terms of notification of NBR under SRO no. ..... dt. ..... for the stated raw-material, for import, storage and export of ready garments as per Master L/C/Contract.

(2) The UD has been issued/submitted as per documents & declaration submitted by Bonder.

(3) Bonder and relevant association will remain responsible for any untrue statement or submission of false document and will bear all consequences for any irregularity detected in future.

(4) In case of description in HS. Code the same may be corrected Custom Officer not below the rank of Asstt. Commissioner.

51. Condition if any.....

Bonders/Authorised
Person with name & seal

Association nominated Officer
Person with name & seal

Ref No.: .....

Date: .....

Copy for kind information and necessary action to:

1. Commissioner, Customs Bond Commissionerate, Dhaka (South), 342/1 Segunbagicha, Dhaka.
2. Commissioner, Customs Bond Commissionerate, Dhaka (North), Plot # 2, Garib-E-Newaz Avenue, Sector # 13, Uttara, Dhaka.
3. Customs Bond Commissionerate, 42, M.M Ali Road, Lalkhan Bazar, Chittagong.
4. Commissioner, Dhaka Custom House, Kurmitola, Dhaka.

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

5. Commissioner, Benapole Custom House, Benapole, Jessore.
6. Commissioner, Chittagong Custom House, Bandar Road, Nimtala, Chittagong.
7. Dhaka EPZ, Ganakbari, Savar, Dhaka.
8. Chittagong EPZ, South Halishahar, Chittagong.
9. Comilla EPZ, Airport Area, Comilla.
10. Adamjee EPZ, Adamjee Nagar, Siddirgang, Narayangang.
11. KARNAFULI EPZ, NORTH POTENGA, CHATTROGRAM.
12. Bonder name and address.
13. Lien Bank name and address.

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[তফসিল-২]
[বিধি ৮(৩) দ্রষ্টব্য]

সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের পাসবই (আমদানি ও রপ্তানি)

১। শিল্প প্রতিষ্ঠানের নাম ও ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (BIN):

২। ঠিকানা:

৩। পাসবই নম্বর:

৪। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:

৫। সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের নাম:

৬। পাসবইয়ের পৃষ্ঠা সংখ্যা:

৭। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে স্বাক্ষর:

৯। প্রদানকারী কাস্টমস কর্মকর্তার স্বাক্ষর:

বিল অব এন্ট্রি নম্বর ও তারিখ	এলসি নং ও তারিখ	ইউডি নম্বর ও তারিখ	কাঁচামালের পরিমাণ			কাঁচামালের মোট মূল্য ইউএস ডলার/অন্যান্য মুদ্রা	সহকারী রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর	রাজস্ব কর্মকর্তার স্বাক্ষর	মন্তব্য
			কেজি	মিটার	গজ				
১	২	৩	৫	৬	৭	৮	৯	১০	১১

সহকারী রাজস্ব কর্মকর্তার মন্তব্য .....
তারিখ .....
পাসবই পৃষ্ঠা .....
রপ্তানির তথ্য .....

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[তফসিল-৩]
[বিধি ৯(২) দ্রষ্টব্য]

বন্ড রেজিস্টার

১। শিল্প প্রতিষ্ঠানের নাম ও ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (BIN):

২। ঠিকানা:

৩। বন্ড রেজিস্টার নম্বর:

৪। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:

৫। বন্ড রেজিস্টারের পৃষ্ঠা সংখ্যা:

৬। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে স্বাক্ষর:

বিল অব এন্ট্রি নম্বর ও তারিখ	আমদানি কাস্টম হাউস/ স্টেশনের নাম	পণ্যচালান কাস্টম হাউস/ স্টেশন হইতে ছাড়করণের তারিখ (এক্সিট নোট এর তারিখ)	এলসি নং ও তারিখ	এইচএস কোড	পণ্যের বাণিজ্যিক বর্ণনা	কাঁচামালের পরিমাণ			কাঁচামালের মোট মূল্য ইউএস ডলার/ অন্যান্য মুদ্রা	ইন্টু বন্ডের তারিখ	বন্ড অফিসারের স্বাক্ষর	এক্স বন্ডের তারিখ	এক্সবন্ডকৃত পণ্যের পরিমাণ	সমাপনী মজুদ	বন্ড অফিসারের স্বাক্ষর
						কেজি	মিটার	গজ							
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[তফসিল-৪]
[বিধি ১২(১) দ্রষ্টব্য]

সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি বিবরণী:

১। শিল্প প্রতিষ্ঠানের নাম ও ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর (BIN):

২। ঠিকানা:

৩। আমদানি নিবন্ধন নম্বর:

৪। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:

সেলস কন্ট্রাক্ট /রপ্তানি এলসি	ইউডি নং ও তারিখ (সংশোধনীসহ)	ইউডিতে অনুমোদিত কাঁচামালের বিবরণ ও পরিমাণ	আমদানিকৃত কাঁচামালের বিবরণ				স্থানীয় উৎস হতে সংগৃহীত কাঁচামালের পরিমাণ				শিপিং বিল নং ও তারিখ	রপ্তানিকৃত পণ্যের পরিমাণ	মজুদ পণ্যের পরিমাণ	মোট রপ্তানি মূল্য	প্রত্যাবাসিত মূল্য	মন্তব্য
			বিবিএলসি নং ও তারিখ	কাঁচামালের বর্ণনা	মূল্য	পরিমাণ	বিবিএলসি নং ও তারিখ	কাঁচামালের বর্ণনা	মূল্য	পরিমাণ						
১	২	৩	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[তফসিল-৫]
[বিধি ২০ দ্রষ্টব্য]

দূর্ঘটনা, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগ বা যুক্তিসঙ্গত কারণবশতঃ ক্ষতিগ্রস্ত অথবা ধ্বংসপ্রাপ্ত পণ্য/কাঁচামালের শুল্ক-করাদি মওকুফের লক্ষ্যে ঘোষণাপত্র

বরাবর
কমিশনার
.....কমিশনারেট
.....।

জনাব
নিবেদন এই যে, আমি/আমরা এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, গত ..... খ্রিঃ তারিখ ..... ঘটিকার সময় ..... কারণে নিম্নবর্ণিত পণ্য/কাঁচামাল, যাহা কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১০৯ এর অধীন বন্ডেড ওয়্যারহাউসে গুদামজাত ছিল তাহা সম্পূর্ণ/আংশিক ক্ষতিগ্রস্ত/ধ্বংসপ্রাপ্ত হওয়ায় কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২৪ অনুযায়ী ধ্বংসপ্রাপ্ত/ক্ষতিগ্রস্ত পণ্য/কাঁচামালের শুল্ক-করাদি মওকুফের জন্য ঘোষণা প্রদান করিতেছি।

১।	আবেদনকারী	:	(ক) নাম: (খ) প্রতিষ্ঠানের নাম ও ঠিকনা: (গ) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখ: (ঘ) বিন নম্বর: (ঙ) টিন নম্বর: (চ) বীমার রশিদ নম্বর ও তারিখ:
২।	রপ্তানি ঋণপত্র (ব্যাংক কর্তৃক সত্যায়িত নম্বর ও তারিখ	:	
৩।	আমদানি ঋণপত্রসহ অন্যান্য দলিলাদি (কাস্টমস কর্তৃক	:	

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

সীল ও স্বাক্ষরিত এবংলিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত)
(যদি সম্ভব হয়)

৪। দূর্ঘটনার কারণ :

৫। দূর্ঘটনার বিষয়টি নিকটস্থ থানাকে অবহিত করিলে তাহার জিডি নং ও তারিখ: :

৬। ক্ষতিগ্রস্ত পণ্য/কাঁচামাল এর (যদি সম্ভব হয়) :

(ক) বিবরণ : (১)
(২)

(খ) পরিমাণ : (১)
(২)

(গ) আনুমাণিক মূল্য :

আমি আরও ঘোষণা করিতেছি যে, আবেদনে বর্ণিত তথ্যাদি ও দলিলাদি যদি পরবর্তীকালে ভুল/মিথ্যা প্রমাণিত হয়, তাহা হইলে কাস্টমস কর্তৃপক্ষের আইনসম্মত যে কোনো শাস্তিমূলক সিদ্ধান্ত মানিয়া লইতে বাধ্য থাকিব।

তারিখ:

স্বাক্ষর:
আবেদনকারীর নাম:
পদবি:
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com